# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**21 AUGUST 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) রাজ্যসভায় খালি হয়ে যাওয়া আসামের দুটি আসনের জন্য বিজেপির দুই প্রার্থী প্রাক্তন বিধায়ক মিশন রঞ্জন দাস এবং প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী রামেশ্বর তেলীর মনোনয়ন পত্র দাখিল/

(২) আসাম বিধানসভার শরৎকালীন আধিবেশন আগামীকাল আরম্ভ/

(৩) রাজ্যে প্রতি ইউনিট বিদ্যুতের মাশুল আগামী পয়লা এপ্রিল থেকে একটাকা করে হ্রাস পাবে বলে মুখ্যমন্ত্রীর প্রকাশ/

(৪) আসামে বেসরকারী চিকিৎসা শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপনের ক্ষেত্রে এখন থেকে আগাম সুরক্ষাজনিত অনুমোদনের প্রয়োজন হবে বলে মুখ্যমন্ত্রীর ঘোষণা/

এবং

(৫) তিনদিনের বরাক উপত্যকা সফরে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা আগামীকাল শিলচরে/ কাছাড় জেলায় আগামীকাল তাঁর বিভিন্ন কার্যসূচীতে অংশগ্রহণ/

---

রাজ্যসভায় খালি হওয়া আসামের দুটি আসনের জন্য বিজেপির প্রার্থী প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী রামেশ্বর তেলি এবং প্রাক্তন বিধায়ক মিশন রঞ্জন দাস আজ মনোনয়ন পত্র দাখিল করেছেন । তাদের মনোনয়ন পত্র দাখিলের সময় আসাম রাজ্য বিজেপি সভাপতি

ভবেশ কলিতা, কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল, রাজ্যের বেশকয়েকজন মন্ত্রী, বিধায়ক এবং ক্ষমতাসীন মিত্রজোটের বেশকয়েকজন প্রবীণ নেতা উপস্থিত ছিলেন । উল্লেখ্য- আসামের রাজ্যসভার মিত্রজোটের প্রার্থী সম্পর্কে আলোচনার উদ্দেশ্যে গতকাল নতুনদিল্লিতে কেন্দ্রীয় নেতৃত্বের সঙ্গে রাজ্য বিজেপি'র সভাপতি ভবেশ কলিতা এবং মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার এক গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়েছে ।

সাম্প্রতিক রাজনৈতিক প্রেক্ষাপটে রাজ্যে বিজেপি'র হয়ে মনোনয়ন পত্র দাখিল করা উভয় প্রার্থীই বিনা প্রতিদ্বন্দিতায় নির্বাচিত হওয়ার বিষয়টি প্রায় নিশ্চিত হয়ে পড়েছে । এর পরিপ্রেক্ষিতে বরাক উপত্যকা থেকে তিনজন সাংসদ পাওয়ার বিষয়টিও প্রায় নিশ্চিত হয়ে যাচ্ছে ।

---

আসাম বিধানসভার শরৎকালীন অধিবেশন আগামীকাল থেকে দিসপুরে আরম্ভ হচ্ছে । আগামী ৩০শে আগস্ট পর্যন্ত চলতে থাকা এই অধিবেশনের আগামীকাল প্রথম দিনে শরৎকালীন অধিবেশনের কার্যসূচী স্থির করা হবে । এই অধিবেশনে রাজস্ব বিভাগের দুটি বিল উত্থাপনের সম্ভাবনা রয়েছে । এছাড়া ২০২৪-২৫ বর্ষের মঞ্জুরীর জন্য পরিপূরক দাবী উত্থাপন করা হবে। এছাড়া সরকারী বিলও উত্থাপনের সম্ভাবনা রয়েছে । আগামী ২৭শে আগস্ট সংকল্প প্রস্তাব এবং অন্য কয়েকটি বিল উত্থাপনের সম্ভাবনা রয়েছে । ২৮শে আগস্ট পরিপূরক মঞ্জুরীর জন্যে দাবীসমূহের উপর আলোচনা ও ভোটদান হবে বলে জানা গেছে । এবারে অধিবেশনে বিরোধী পক্ষ স্মার্ট মিটার বসানোর ফলে বিদ্যুৎ মাশুল বৃদ্ধি, গুয়াহাটির বন্যা পরিস্থিতি, মূল্যবৃদ্ধি সহ বেশকয়েকটি বিষয় নিয়ে বিতর্ক সৃষ্টি করার সম্ভাবনা রয়েছে । এদিকে অধিবেশনের আগে আজ আসাম বিধানসভার নতুন ভবনে সব দলের নেতাদের উপস্থিতিতে এক বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে বিধানসভার অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারী, উপাধ্যক্ষ ডাঃ নোমল মুমিন, মন্ত্রী চন্দ্রমোহন পাটোয়ারী, পীযূষ হাজারিকা, বিরোধী দলনেতা দেবব্রত শইকিয়া সহ বিধানসভার বহু সদস্য উপস্থিত ছিলেন ।

---

রাজ্যে আগামী পয়লা এপ্রিল থেকে প্রতি ইউনিট বিদ্যুতের মাশুল একটাকা করে হ্রাস পাবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা জানিয়েছেন ।স্মার্ট মিটারের ত্রুটি সম্পর্কে উত্থাপিত অভিযোগ সম্পর্কে প্রতিক্রিয়া ব্যক্ত করে তিনি বলেন যে প্রয়োজন হলে পরীক্ষামূলকভাবে মেনুয়েল মিটার বসানো হবে ।মেনুয়েল মিটের এবং স্মার্ট মিটারের মধ্যে ব্যবহৃত ইউনিটের পার্থক্য দেখলে পরবর্তী সময়ে স্মার্ট মিটার প্রত্যাহার করা হবে বলে তিনি জানান ।আসাম বিদ্যুৎ মাশুল হ্রাস করা একমাত্র রাজ্য বলেও মুখ্যমন্ত্রী

উল্লেখ করেন । স্মার্টমিটার লাগানোর ফলে বিদ্যুৎ সঞ্চয় তথা জনসাধারণ কম বিদ্যুত ব্যবহার করছেন  বলে মুখ্যমন্ত্রী মন্তব্য করেন ।

---------------------------------------------------------------------------------

সুপ্রীম কোর্ট চিকিৎসা কর্মীদের সুরক্ষা সুনিশ্চিত করার জন্য একটি জাতীয় পর্যায়ের টাস্ক ফোর্স গঠন করেছে ।সুপ্রীম কোর্টের মুখ্য বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় নেতৃত্বাধীন একটি বিচারপীঠ গতকাল কলকাতার আর জি কর মেডিক্যাল কলেজের একজন চিকিৎসকের ধর্ষণ ও হত্যা মামলার শুনানি গ্রহণ করে টাস্কফোর্সকে তিন সপ্তাহের মধ্যে অন্তবর্তীকালীন প্রতিবেদন ও দুমাসের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করার নির্দেশ দেয় ।মুখ্য বিচারপতি বলেন যে সর্ব্যেচ্চ আদালত সমগ্র দেশের মহিলাদের সুরক্ষা সুনিশ্চিত করার ক্ষেত্রে গ্রহণ করা পরিকল্পনা সম্পর্কে পরামর্শ প্রদান করার উদ্দেশ্যে দেশের চিকিৎসকদের নিয়ে একটি জাতীয় পর্যায়ের টাস্কফোর্স গঠন করেছে ।সার্জন ভাইস এডমায়রেল আর সরিন , ডাঃ ডি নাগেশ্বর রেড্ডি , ডাঃ এম শ্রীনিবাস , ডাঃ প্রতিমা মূর্তী , ডাঃ গোবর্ধন দত্তপুরী , ডাঃ সুমিত্রা রাওত ,দিল্লীর অখিল ভারতীয় আয়ুরবিজ্ঞান প্রতিষ্ঠানের হৃদরোগ বিভাগের প্রধান অধ্যাপক অনিতা সাক্সেনা , মুম্বাইয়ের গ্রান্ট মেডিক্যাল কলেজের ডীন অধ্যাপক পল্লবী সাপ্রে , অখিল ভারতীয় আয়ুরবিজ্ঞান প্রতিষ্ঠানের স্নায়ুতত্ব বিভাগের ডাঃ পদ্মা শ্রীবাস্তবকে নিয়ে এই টাস্কফোর্স গঠন করা হয়েছে ।বিচারপীঠ কলকাতা  আর জি কর মেডিক্যাল কলেজের  ধর্ষণ ও হত্যার ঘটনায় নিহত চিকিৎসকের নাম , ফটো ,ভিডিও ইত্যাদি তৎক্ষণাৎ সোসিয়েল মিডিয়া থেকে সরানোর নির্দেশ দিয়েছে ।এছাড়া আবাসিক চিকিৎসক বিশেষ করে মহিলা চিকিৎসকদের সুরক্ষা ও নিরাপত্তার জন্য আর জি কর হাসপাতালে কেন্দ্রীয় বাহিনীর জওয়ান নিয়োগ করা হয়েছে ।বিচারপীঠ পশ্চিমবঙ্গ সরকার ও মেডিক্যাল কলেজ কর্তৃপক্ষের মামলার তদারকের ক্ষেত্রে অবলম্বন করা পন্থা নিয়ে অসন্তোষ ব্যক্ত করেছে ।মুখ্য বিচারপতি শ্রী চন্দ্রচূড় এই ঘটনায় মামলা দায়ের করার ক্ষেত্রে বিলম্ব তথা মেডিক্যাল কলেজ প্রশাসন সাক্ষ্য প্রমাণ বিনষ্ট না হওয়ার জন্য অপরাধ সংগঠিত হওয়া স্থানে উচিত ব্যবস্থা গ্রহণ না করার বিষয় নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন ।সমগ্র দেশে চিকিৎসক ও চিকিৎসা কর্মীদের কর্মক্ষেত্রে অসুরক্ষিত বাতাবরণ নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করে বিচারপীঠ বলে যে বর্তমান আইন স্বাস্থ্যকর্মীদের সুরক্ষার জন্য পর্যাপ্ত নয় ।প্রণালীগত বিষয় সমুহ সমাধান করার উদ্দেশ্যেই আর জি কর মেডিক্যাল কলেজের ঘটনার বিষয় সম্পর্কে সর্বোচ্চ আদালত স্বেচ্ছায় ব্যবস্থা গ্রহণ করেছে বলে বিচারপীঠ জানিয়েছে ।আগামীকাল এই মামলার পরবর্তি শুনানির দিন ধার্য করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

আসামে বেসরকারী ক্ষেত্রে মেডিকেল কলেজ, নার্সিং কলেজ, ডেন্টাল কলেজ, বিশ্ববিদ্যালয় ইত্যাদি স্থাপনের পূর্বে এখন থেকে আগের থেকেই সুরক্ষাজনিত অনুমোদনের প্রয়োজন হবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা প্রকাশ করেছেন । কেন্দ্রীয় সরকার এর আগেও এধরণের বেসরকারী চিকিৎসা প্রতিষ্ঠানকে লাইসেন্স প্রদানের আগে গোয়েন্দা সংস্থার রিপোর্ট চায় বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন । আসামেও আগামী দু-তিন মাসের মধ্যে এধরণের আইন প্রণয়ন করা হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন । বরাক উপত্যকা এবং বড়পেটায় কেরালার বেশকয়েকটি বিশ্ববিদ্যালয় স্থাপনের বিষয়ে পরিকল্পনা করা হলেও এই ক্ষেত্রে সুরক্ষা সংক্রান্ত দিকটি আগাম বিবেচনা করে দেখতে রাজ্যপর্যায়ে আইনগত ব্যবস্থা ছিলনা বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন । এইসব বিশ্ববিদ্যালয় স্থাপন করার সুরক্ষাজনিত কারণে সুবিধাজনক নয় বলে আসাম পুলিশের বিশেষ শাখা জানিয়েছিল । তবে এধরণের বিশ্ববিদ্যালয়কে লাইসেন্স প্রদানের পূর্বে আসাম পুলিশের বিশেষ শাখার রিপোর্ট গ্রহণ করার বিষয়টি বাধ্যতামূলক না থাকায় সরকার কোনো সিদ্ধান্ত নিতে পারেনি । এইসব দিকের প্রতি লক্ষ্য রেখে এইক্ষেত্রে আইন প্রণয়ন করা হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন ।

-------------------------------------------------------------------------------------------

প্রবীণ নাগরিকদের সুরক্ষা এবং তাদের স্বাস্থ্যরক্ষার ক্ষেত্রে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে আজকের দিনটি বিশ্ব প্রবীণ নাগরিক দিবস হিসেবে উদযাপন করা হয়েছে । প্রবীণ নাগরিকদের সঙ্গে হওয়া আতিশয্যের ঘটনা রোধ করার ক্ষেত্রে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে এই দিবস উদযাপন করা হয়েছে । এছাড়া সমাজের প্রতি প্রবীণদের অবদানকে এই দিবসের মাধ্যমে স্বীকৃতি দেওয়ার প্রয়াস করা হয়েছে । ভারতে এই দিবস পালন বিশেষ গুরুত্ব বহন করছে ।

-------------------------------------------------------------------------------------------

আগামী ৩২শে আগস্ট- শুক্রবার সমগ্র দেশে প্রথমবারের মতো জাতীয় মহাকাশ দিবস উদযাপন করা হবে । এই দিবসের এবছরের বিষয়বস্তু হচ্ছে- ‘চন্দ্রপৃষ্ঠকে স্পর্শ করার সঙ্গে সঙ্গে জীবনকে স্পর্শ করা- ভারতের মহাকাশ গাঁথা’ । এই বিষয়বস্তুকে ধরে মহাকাশ অন্বেষণের ফলে সমাজ ও প্রযুক্তির উপর এর ব্যাপক প্রভাব ফুটে উঠেছে । রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু জাতীয় মহাকাশ দিবস উপলক্ষে নতুন দিল্লির ভারত মন্ডপে অনুষ্ঠেয় মূল কার্যসূচীর উদ্বোধন করবেন ।

-------------------------------------------------------------------------------------------

কর্মচারী ভবিষ্য নিধি সংস্থায় গত জুন মাসে ১৯ লক্ষ ২৯ হাজার নতুন সদস্য অন্তর্ভুক্ত হয়েছে ।গতবছর এই একই সময়ের তুলনায় সদস্য সংখ্যা ৭ দশমিক ৮-৬

শতাংশ বৃদ্ধি পেয়েছে ।কেন্দ্রীয় শ্রম এবং নিয়োগ মন্ত্রনালয় জানিয়েছে যে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি সহ বিভিন্ন কারণে সংস্থায় সদস্য অন্তর্ভুক্তির সংখ্যা বৃদ্ধি পেয়েছে ।

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা তিনদিনের সফরে আগামীকাল বরাক উপত্যকায় আসছেন । তিনি আগামীকাল কুম্ভীরগ্রাম বিমান বন্দরে অবতরণ করে পরে দুপুর আড়াইটায় লক্ষ্মীপুরের শিলঘাটে বরাক নদীর উপর ৩৪০ মিটার দীর্ঘ আর সি সি সেতুর শিলান্যাস করবেন । এরপর বিকেল চারটায় ডঃ শর্মা ধলাই বিধানসভার অর্ন্তগত বড়জালেঙ্গায় মডেল ডিগ্রী কলেজের ভূমি পূজা করবেন । মুখ্যমন্ত্রী আগামী শুক্রবার হাইলাকান্দিতে গিয়ে রবীন্দ্র ভবনে গিয়ে দলীয় কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করবেন । ঐদিন তাঁর করিমগঞ্জেও বিভিন্ন কার্যসূচীতে অংশগ্রহণের কথা রয়েছে । আগামী শনিবার সকালে ডঃ শর্মার পুনরায় শিলচর এসে বেশকয়েকটি কার্যসূচীতে যোগ দেবেন বলে জানা গেছে ।

---

মূখ্যমন্ত্রী ডঃ শর্মা আগামী শুক্রবার করিমগঞ্জ জেলা সফর করবেন । মূখ্যমন্ত্রী দুপুর একটায় করিমগঞ্জ পৌছে জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে দলীয় কর্মকর্তাদের সঙ্গে একটি সম্মেলনে যোগ দেবেন । মূখ্যমন্ত্রীর সঙ্গে রাজ্যের জনস্বাস্থ্য ও কারিগরী , পর্য্যটন বিভাগের মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়াও উপস্থিত থাকবেন ।

---

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ উত্তরপূর্বাঞ্চল সহ দেশের পূর্ব ও দক্ষিণ প্রান্তে আগামী ২৫ শে আগষ্ট পর্যন্ত অবিরাম বৃষ্টিপাতের সম্ভাবনার কথা জানিয়ে অরেঞ্জ এলার্ট জারি করেছে ।বিভাগের পক্ষ থেকে এই সময়ে বাংলাদেশের মধ্যভাগে সৃষ্টি হওয়া নিম্নচাপের প্রভাবে আসাম , অরুণাচলপ্রদেশ , মেঘালয় , নাগালেন্ড , মণিপুর ,মিজোরাম ,ত্রিপুরা ও সিকিমে অবিরাম বৃষ্টিপাতের সম্ভাবনার কথা জানানো হয়েছে ।এদিকে অবিরাম বৃষ্টিপাতের ফলে আজ ত্রিপুরার খোয়াই  জেলায়  নির্দিষ্ট সময়ের জন্য রেড এলার্ট জারি করেছে । গত ২৪ ঘন্টায় আগরতলা বিমানবন্দর এলাকায় সর্বোচ্চ ৯৯ দশমিক ৫ মিলিমিটার পরিমান বৃষ্টিপাত হয়েছে বলে জানা গেছে ।

---

গত কয়েকদিনের অবিরাম বৃষ্টিপাতের ফলে করিমগঞ্জ জেলার কুশিয়ারা ,লঙ্গাই ও সিংলা নদীর জল বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে । আমাদের করিমগঞ্জের সংবাদদাতা জানিয়েছেন যে জেলার পাথারকান্দির বিস্তীর্ন এলাকা বন্যার কবলে পড়েছে । বিশেষকরে পাথারকান্দির ডেঙ্গারবন্দ , হাতিখিরা , বৈঠাখাল ,কলকলিবস্তি, চান্দঁখিরা ,কচুবাড়ী সহ আরো কয়েকটি গ্রামে বন্যার জল প্রবেশের খবর পাওয়া গেছে ।

-----------------------------------------------------------------------------------

করিমগঞ্জের জেলা আয়ুক্ত মৃদুল যাদব আজ করিমগঞ্জ সিভিল হাসপাতালে একটি নতুন আধার এনরোলমেন্ট কেন্দ্রের উদ্বোধন করেছেন । উদ্বোধনী অনুষ্ঠানে জেলা আয়ুক্ত শ্রী যাদব স্বাস্থ্য সেবা প্রদানে আধার পরিষেবার গুরুত্বের উপর জোর দেন । জেলা আয়ুক্ত এই কেন্দ্রটি আধার এনরোলমেন্ট , আপডেট এবং আয়ুষ্মান ভারত স্বাস্থ্য অ্যাকাউন্ট তৈরীর জন্য একটি সুবিধাজনক অবস্থান প্রদানের মাধ্যমে জেলার নাগরিকদের উপকৃত করবে বলে আশা প্রকাশ করেছেন ।

-----------------------------------------------------------------------------------

করিমগঞ্জের জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে আগামীকাল দুপুর ১২টার মধ্যে করিমগঞ্জ শহরের অবৈধ তিন ও চার চাকার যানবাহনের স্ট্যান্ডগুলি উচ্ছেদ করার নির্দেশ দিয়েছেন । বিজ্ঞপ্তীতে সাধারন জনগন , বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী , যানবাহনের সুষ্ঠু ও মসৃন চলাচলের জন্য ওই স্ট্যান্ডগুলি শহরের বাইরে বসানোর নির্দেশ দিয়েছেন । জেলা আয়ুক্ত আগামীকাল উচ্ছেদ অভিযান সুষ্টুভাবে পরিচালনা করতে চক্র আধিকারীককে নির্দেশ দিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------

ধলাই মাতৃভূমি কাপ প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় কর্কট এফ সি ২-০ গোলের ব্যবধানে মণিপুরী ওয়েলফেয়ার সোসাইটিকে পরাজিত করেছে । স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আজকের খেলায় সেরা খেলোয়াড় হিসেবে এলকানার হাতে অধ্যাপক ওয়াই প্রফুল্ল সিংহ ট্রফি তুলে দিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------

পালংঘাটের মাতা সংঘ ক্লাব আয়োজিত ডক্টর শ্যামা প্রসাদ মুর্খাজী স্মৃতি প্রাইজমানি ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় এলেভেন ব্রাদার্স এফ সি ১-০ গোলে আমড়াঘাটের এন স্টোর এফ সি-কে পরাজিত করেছে ।

স্থানীয় চৈতন্য চরন জগৎ চন্দ্র উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় পানিভরা এফ সি খেলবে নাইন ফ্রেন্ডস এফ সি-র বিরুদ্ধে ।

-----------------------------------------------------------------------------------